

001 057

## নীলফামারীতে ১ বছর পর ১৬ জন শিক্ষকের নিয়োগপত্র বাতিল

(সংবাদদাতা)

নীলফামারী ২৪শে জুন—  
নীলফামারী সদর উপজেলার ১৬  
জন প্রাথমিক শিক্ষককে ১ বছর  
চাকরি করার পর চাকরি হারতে  
হয়েছে।

জানা গেছে নীলফামারী সদর

উপজেলা প্রাথমিক শিক্ষক নিয়োগ  
ও পদোন্নতি কমিটি ১৯৮৪ সালের  
ডিসেম্বর মাসে ৩ জন প্রধান শিক্ষক  
ও ৩ জন সহকারী শিক্ষক শিক্ষয়িত্রী  
নিয়োগের জন্য এক বিজ্ঞপ্তি প্রদান  
করে। কিন্তু, ৬ জনের শূন্য পদে  
১৬ জন শিক্ষক নিয়োগ করে।

উপজেলার প্রধান শিক্ষক ও  
সহকারী শিক্ষক পদ ৬টি শূন্য  
থাকলেও উপজেলা শিক্ষা কর্মকর্তা  
নিজ খেয়াল খাশি মতো পদ শূন্য  
হওয়ার আগেই অপর ১০ জনকে  
নিয়োগ প্রদান করেন।

উপজেলায় শিক্ষক শিক্ষিকা  
নিয়োগে অনিয়ম ও দনীতির  
অভিযোগে মহাপরিচালক প্রাথমিক  
শিক্ষা বোর্ড উক্ত ১৬ জনের  
নিয়োগকে সম্পূর্ণ অবৈধ বলে  
বাতিল ঘোষণা করেন। ফলে তারা  
চাকরিচ্যুত হয়ে পড়েছে।

উপজেলা শিক্ষা অফিসারের  
বিরোধে বিভাগীয় তদন্ত শুরুর  
হয়েছে বলে জানা গেছে।

১৪৪৩

১৪৪৩

১৪৪৩

১৪৪৩

১৪৪৩

১৪৪৩

১৪৪৩

১৪৪৩